দৈনিক
জনকণ্ঠ

তারিখ 04 NOV 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# বইমেলা সারা দেশে ছড়িয়ে দেয়ার আহ্বান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** সকলকে বই পড়ার অভ্যাস করতে হবে। বই পড়ার অভ্যাস করলে ধীরে ধীরে জ্ঞানের পরিধি বাড়তে থাকবে। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ মিলনায়তনে তিন দিনব্যাপী 'নন ফিকশন বই মেলার সমাপনী' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. আব্দুল মান্নান এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদ ও বণিক বার্তা যৌথভাবে এ মেলার আয়োজন করে। আব্দুল মান্নান বলেন, কল্পকাহিনী পড়লে যেমন কল্পনার জগতটা বিস্তৃত হয় তেমনি নন ফিকশন বই পড়লে মেধার জগতটা বিস্তৃত হয়। এজন্য আমাদের গল্প, উপন্যাস, কবিতার পাশাপাশি সিরিয়াস বিষয়ও পড়তে হবে। তিনি বইমেলাকে শুধু বিশ্ববিদ্যালয়ের মধ্যে সীমাবদ্ধ না রেখে সারা দেশে ছড়িয়ে দেয়ার আহ্বান জানান।